মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,ময়মনসিংহ।
কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড,কাঠগোলা বাজার, ময়মনসিংহ।
ফোন ঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান),
www.mymensingheducationboard.gov.bd

নং- ময়শিবো/বৃত্তি/২০২০/০৮ তারিখ ঃ ০৭/০২/২০২২খ্রিঃ

# জরুরী বিজ্ঞপ্তি

বিষয় ঃ **Bounced Back হওয়া সকল বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তালিকা MIS এ সংশোধন প্রসঙ্গে।**

সূত্রঃ মাউশি স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৯.৯৯.০০১.২০.১২ তারিখঃ ০২/০২/২০২২খ্রি.পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মূলে অত্র বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠানে ২০১৯-২০২০ অর্থ বছর হতে রাজস্ব খাতভুক্ত বিভিন্ন শ্রেণির শিক্ষার্থীদের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT এর মাধ্যমে শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। এবিষয়ে অত্র পত্রের সাথে সংযুক্ত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্রের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৯.৯৯.০০১.২০.১২ তারিখঃ ০২/০২/২০২২খ্রি.পত্র অনুসারে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মহাঃ মশিউল আলম
উপ-সচিব (আইন)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

প্রাপক ঃ অধ্যক্ষ/প্রধান শিক্ষক
বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান

মেমো নং ০৮(৫) তারিখঃ ০৭/০২/২০২২ খ্রিঃ

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৩। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৪। সহকারি প্রোগ্রামার, অত্র বোর্ড। ( পত্রটি অত্র বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৫। অফিস কপি।

07/02/22

মহাঃ মশিউল আলম
উপ-সচিব (আইন)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
www.dshe.gov.bd
ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৯.৯৯.০০১.২০.১২ তারিখ: ১৯ মাঘ ১৪২৮
০২ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: **দেশের বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, মেডিকেল কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত রাজস্ব খাতভুক্ত মেধা ও সাধারণ কোটায় বৃত্তিপ্রাপ্ত [পিইসি, জেএসসি, এসএসসি, এইচএসসি এবং স্নাতক (পাস/সম্মান) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে] এবং রাজস্ব খাতভুক্ত সংখ্যালঘু সম্প্রদায়সমূহের উপবৃত্তি ও পেশামূলক উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের Bounced Back হওয়া তথ্যের ভুল সংশোধন সংক্রান্ত**

সূত্র: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-০৮, তারিখ ১০/০১/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০২০ অর্থ বছর হতে রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। কিন্তু কিছু শিক্ষা প্রতিষ্ঠানের প্রেরিত তথ্যে ব্যাংক হিসাব নম্বর, ব্যাংক ও শাখার নাম, রাউটিং নম্বরসহ ব্যাংক সংক্রান্ত তথ্য যথাযথ না থাকায় EFT Bounced Back হয়েছে। ফলশ্রুতিতে, বর্ণিত শিক্ষার্থীদের বৃত্তির টাকা তাদের ব্যাংক হিসাবে জমা হয়নি।

এমতাবস্থায়, দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে (মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ব্যতীত) উল্লিখিত শিক্ষার্থীদের বর্ণিত তথ্যসমূহ আগামী ১২/০২/২০২২ খ্রি. তারিখের মধ্যে MIS অনলাইন সফটওয়্যার লিংকে প্রবেশ করে Bounced Back হওয়া শিক্ষার্থীদের ব্যাংক সংক্রান্ত ভুল তথ্য সংশোধনের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

উল্লেখ্য, Bounced Back হওয়া শিক্ষার্থীদের ব্যাংক সংক্রান্ত ভুল তথ্য সংশোধনের জন্য ইতোপূর্বে একাধিকবার পত্র প্রেরণ করা সত্ত্বেও প্রতিষ্ঠান কর্তৃক উল্লিখিত শিক্ষার্থীদের তথ্য অদ্যাবধি সংশোধন করা হয়নি। নির্ধারিত সময়সীমার মধ্যে বর্ণিত শিক্ষার্থীদের তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে MIS-এ সংশোধন না করার কারণে বৃত্তির অর্থ প্রাপ্তিতে জটিলতা তৈরি হলে এর দায়-দায়িত্ব সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

প্রতিষ্ঠান প্রধানের জ্ঞাতার্থে Bounced Back হওয়া শিক্ষার্থীদের একটি তালিকা এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

<u>MIS সফটওয়্যারে তথ্যের ভুল সংশোধনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরণীয় :</u>

০১। যৌথ নামে ব্যাংক হিসাব/স্কুল ব্যাংক হিসাব খোলা হলে MIS-এ তথ্যাদি সংশোধনের ক্ষেত্রে হিসাবধারীর নামের স্থলে উভয়ের নাম এন্ট্রি করতে হবে;

০২। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;

০৩। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;

০৪। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে;

০৫। ব্যাংক হিসাবটি বর্তমানে সচল (Active) থাকতে হবে।

**<u>তথ্য পূরণ এর জন্য লিংক নিম্নরূপ :</u>**

# DSHE Scholarship MIS এর URL (লিংক) : **hspbd.com/HSP-MIS/login**

২-২-২০২২
প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)

বিতরণ :

১) রেজিস্ট্রার, সাধারণ/মেডিকেল/প্রকৌশল বিশ্ববিদ্যালয়
(সরকারি/বেসরকারি....সকল)

২) অধ্যক্ষ, মেডিকেল/ইঞ্জিনিয়ারিং কলেজ
(সরকারি/বেসরকারি .....সকল )

৩) অধ্যক্ষ, সরকারি/বেসরকারি কলেজ (সকল)

৪) অধ্যক্ষ, সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ (সকল)

৫) প্রধান শিক্ষক, (সকল সরকারি ও বেসরকারি নিম্ন
মাধ্যমিক/উচ্চ বিদ্যালয়/সমমানের শিক্ষা প্রতিষ্ঠান)

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৯.৯৯.০০১.২০.১২/১(৮৯)

তারিখ: ১৯ মাঘ ১৪২৮
০২ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২) সচিব , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা

৪) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আওতাধীন সংশ্লিষ্ট সকল মেডিকেল বিশ্ববিদ্যালয়/কলেজকে অবহিতকরণের অনুরোধসহ)

৫) জাতীয় কর্মসূচি পরিচালক, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা

৬) প্রোগ্রাম এক্সিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, BACS and iBAS++ স্কিম, এসপিএফএমএস কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রনালয়

৭) পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ,ঢাকা

৮) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)

৯) সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (আওতাধীন সংশ্লিষ্ট সকল বিশ্ববিদ্যালয়কে অবহিতকরণের অনুরোধসহ)

১০) পরিচালক (মাধ্যমিক ও উচ্চ শিক্ষা)-সকল অঞ্চল

১১) উপপরিচালক (কলেজ/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)

১২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ,ঢাকা "দেশের বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, মেডিকেল কলেজ, ইঞ্জিনিয়ারিং কলেজ ও বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত রাজস্ব খাতভুক্ত মেধা ও সাধারণ কোটায় বৃত্তিপ্রাপ্ত [পিইসি, জেএসসি, এসএসসি, এইচএসসি এবং স্নাতক (পাস/সম্মান) পরীক্ষার ফলাফলের ভিত্তিতে] এবং রাজস্ব খাতভুক্ত সংখ্যালঘু সম্প্রদায়সমূহের উপবৃত্তি ও পেশামূলক উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের Bounced Back হওয়া তথ্যের ভুল সংশোধন সংক্রান্ত"- শিরোনামে পত

১৩) জেলা শিক্ষা কর্মকর্তা- সকল জেলা

১৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (আওতাধীন সংশ্লিষ্ট সকল

প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের অনুরোধসহ)

১৫) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

২-২-২০২২

মোঃ নুরুল ইসলাম চৌধুরী

উপ-পরিচালক (একিউএইউ)